**সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর**
**ঢাকা সেনানিবাস**

**চুক্তিভিত্তিক বেসামরিক চিকিৎসক ও দন্ত চিকিৎসক নিয়োগ বিজ্ঞপ্তি**

১। সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর কর্তৃক ঢাকা ব্যতীত বিভিন্ন জেলায় অবস্থিত সম্মিলিত সামরিক হাসপাতাল ও মিলিটারী ডেন্টাল সেন্টার (সিএমএইচ ও এমডিসি) সমূহে চুক্তিভিত্তিক বেসামরিক চিকিৎসক ও দন্ত চিকিৎসক নিয়োগ করা হবে।

২। **চাকরির মেয়াদকালঃ** ০২ বছর ০১ মাস (চুক্তিভিত্তিক)।

৩। **মোট পদসংখ্যাঃ** ৫০ (পঁঞ্চাশ) টি (চিকিৎসক-৪৬ জন ও দন্ত চিকিৎসক-০৪ জন)।

৪। **প্রার্থীর যোগ্যতাঃ** যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এমবিবিএস/ বিডিএস ডিগ্রীধারী (ইন্টার্ণশীপ সম্পন্নকৃত এবং বিএমডিসি সনদপ্রাপ্ত)। ডিপ্লোমা/ পিজিটি সম্পন্ন চিকিৎসকগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।

৫। **ভর্তির আবেদন এবং পরীক্ষার নিয়মাবলীঃ**

ক। **অনলাইনে আবেদনের তারিখঃ** ২৯ মার্চ ২০২৫ হতে ১০ এপ্রিল ২০২৫ পর্যন্ত https://www.afmibd.net এই Website এ আবেদন করা যাবে (আবেদন সংক্রান্ত নীতিমালা এবং চাকরির শর্তাবলী এএফএমআই এর ওয়েবসাইটে বিস্তারিত দেয়া আছে)। উল্লেখ্য, প্রার্থী সরাসরি এএফএমআই, ঢাকা সেনানিবাসে এসেও আবেদন করতে পারবেন।

খ। **প্রবেশপত্র সংগ্রহের তারিখঃ** ১৩ এপ্রিল ২০২৫ তারিখ হতে ১৬ এপ্রিল ২০২৫। (এএফএমআই ওয়েবসাইট থেকে প্রবেশ পত্র ডাউনলোড করতে হবে)।

গ। **আবেদন ফিঃ** ৭০০ টাকা (অফেরত যোগ্য)।

ঘ। MCQ পদ্ধতিতে ০১ (এক) ঘন্টা ৪০ (চল্লিশ) মিনিটব্যাপী ১০০ (একশত) নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ঙ। **লিখিত পরীক্ষার তারিখ ও সময়ঃ** ২৫ এপ্রিল ২০২৫ তারিখ ১০০০-১১৪০ ঘটিকা পর্যন্ত লিখিত পরীক্ষা এএফএমআই'তে অনুষ্ঠিত হবে।

চ। আগামী ২৭ এপ্রিল ২০২৫ তারিখ ১৪০০ ঘটিকায় লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীগণের তালিকা এএফএমআই এর ওয়েবসাইটে প্রকাশিত হবে। আগামী ২৯ এবং ৩০ এপ্রিল ২০২৫ তারিখ মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ছ। 'লিখিত ও মৌখিক' পরীক্ষায় চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণের তালিকা সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস এর অনুমোদন সাপেক্ষে এএফএমআই এর ওয়েবসাইটে প্রকাশিত হবে।

জ। নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে নির্বাচিত প্রার্থী চূড়ান্তভাবে যোগ্য বলে বিবেচিত হবে।

ঝ। **যোগদানের তারিখঃ** ১৬ জুন ২০২৫।

৬। নিয়োগ সংক্রান্ত যেকোনো বিষয়ে সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

মোঃ রেজাউর রহমান
ব্রিগেডিয়ার জেনারেল
উপ-মহাপরিচালক
সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর

CamScanner

## চাকরির শর্তাবলী

১। প্রতি ০৬ মাস অন্তর সিএমএইচ/ এমডিসি এর কমান্ড্যান্ট/ অধিনায়ক কর্তৃক কারিগরী/ উপযুক্ততা প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে ০১ (এক) বছর সমাপনান্তে নিয়োগ নবায়ন করা হবে। সর্বমোট ০২ (দুই) বছর ০১ (এক) মাসের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে।

২। **কর্মস্থলঃ** প্রার্থীগণ নিম্নবর্ণিত জেলা সমূহের অধীনে অবস্থিত সেনানিবাস হতে পছন্দনীয় কর্তব্যস্থল হিসেবে ০৩ (তিন) টি জেলার নাম উল্লেখ করতে পারবেনঃ

ক। **সম্মিলিত সামরিক হাসপাতাল (সিএমএইচ) এর জেলা সমূহঃ** বরিশাল, ঢাকা (সাভার), কক্সবাজার (রামু), বগুড়া, রাজশাহী, নাটোর (কাদিরাবাদ), সিলেট, টাঙ্গাইল (ঘাটাইল), ময়মনসিংহ, চট্টগ্রাম, কুমিল্লা, যশোর, খুলনা, দিনাজপুর (খোলাহাটি) এবং গাজীপুর (রাজেন্দ্রপুর)।

খ। **মিলিটারী ডেন্টাল সেন্টার (এমডিসি) এর জেলা সমূহঃ** কক্সবাজার (রামু), বান্দরবান, চট্টগ্রাম এবং দিনাজপুর (খোলাহাটি)।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে বছরে সর্বমোট ২০ (বিশ) দিন এবং এককালীন অনধিক ০৭ (সাত) দিন নৈমিত্তিক ছুটিতে গমন করতে পারবেন। বিশেষ ক্ষেত্রে ০৭ (সাত) দিনের অতিরিক্ত অসুস্থ/ডাক্তারী ছুটির প্রয়োজন হলে তা বিনা বেতনে গণ্য হবে। দীর্ঘমেয়াদী ছুটির ( ০১ মাস বা তদূর্ধ্ব যে কোন প্রকার) ক্ষেত্রে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৪। মেয়াদ পূর্তির পূর্বে চাকরি হতে অব্যাহতি গ্রহণ করতে চাইলে ন্যূনতম ০২ (দুই) মাস পূর্বে লিখিতভাবে আবেদন করতে হবে।

৫। **পোশাক বিধিঃ** মার্জিত পোশাক ও এপ্রোন (নেমপ্লেটসহ)।

৬। **বেতন স্কেলঃ**

| ক্রমিক | পদের নাম | বেতন স্কেল | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | চিকিৎসক ও দন্ত চিকিৎসক (১ম শ্রেণির মর্যাদা) | ১। মাসিক বেতন=৫০,০০০.০০ টাকা<br>২। উৎসব ভাতা (বছরে ০২টি)= বেতনের ৫০% হারে ২৫,০০০.০০ টাকা<br>৩। বাংলা নববর্ষ ভাতা (বেতনের ২০% হারে) ১০,০০০.০০ টাকা | |